আজকাল ৫
কলকাতা বুধবার ১১ নভেম্বর ২০২৬

অভিন্ন দেওয়ানি বিধির পক্ষে সওয়াল মেঘাওয়ালের

আজকালের প্রতিবেদন

সারা দেশে অভিন্ন দেওয়ানি বিধি কার্যকর করতে অঙ্গীকারবদ্ধ কেন্দ্রীয় সরকার। এই বিধির সাংবিধানিক ভিত্তি যা, তাতে এই আইনের প্রয়োগ শুধুমাত্র দেশের কয়েকটি রাজ্যে সীমাবদ্ধ রাখা কঠিন। মঙ্গলবার একথা বলেন আইন ও বিচার বিভাগ এবং সংসদীয় বিষয়ক দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী অর্জুনরাম মেঘাওয়াল।

অভিন্ন দেওয়ানি বিধির প্রয়োগ কি বিজেপিশাসিত রাজ্যগুলির মধ্যে সীমাবদ্ধ থাকবে, নাকি ক্রমে সারা দেশে কার্যকর করা হবে, এ প্রশ্নের উত্তরে মেঘাওয়াল বলেন, 'সংবিধান পরিষদে অভিন্ন দেওয়ানি বিধি আলোচিত হয়েছিল। এবং সংবিধান প্রণেতারা ৪৪ ধারার আওতায় এটিকে রাখার একটি ব্যবস্থা অন্তর্ভুক্ত করেছিলেন। এই বিষয়ের ওপর সুপ্রিম কোর্টও একাধিকবার পর্যবেক্ষণ করেছে। এটা আশার কথা যে, কিছু রাজ্য এটিকে কার্যকর করতে এগিয়ে এসেছে। গোয়ায় অনেক দিন ধরে একটা সাধারণ দেওয়ানি বিধি চালু রয়েছে। যখন বিজেপি সেখানে ক্ষমতায় ছিল না, তখনও এটা চালু ছিল।'

একটি সর্বভারতীয় সংবাদমাধ্যমকে একথা বলেন তিনি। মেঘাওয়াল বলেন, 'আমরা বিশ্বাস করি যে, অভিন্ন দেওয়ান বিধি সারা দেশেই চালু করা উচিত। এই লক্ষ্যপূরণে আমাদের সরকার অঙ্গীকারবদ্ধ। এটি শুধুমাত্র কয়েকটি মাত্র রাজ্যে চালু থাকবে, এরও কোনও যৌক্তিকতা নেই। তাছাড়া রাজনৈতিক দলগুলির ইস্তাহারেও বিষয়টি উঠে আসছে।'

২০২৪ সালে উত্তরাখণ্ডও প্রথম অভিন্ন দেওয়ানি বিধি চালু হয়েছে। একমাত্র এই রাজ্যটিই এই আইন পুরোপুরি কার্যকর করেছে। পরে গুজরাটে এই আইন পাশ হয়। উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে অসমই প্রথম রাজ্য, যারা ২০২৬-এর মে মাসে এই আইন পাস করে। মধ্যপ্রদেশও এই আইন কার্যকর করার দিকে এগিয়েছে। এ বছরের আগেই রাজ্যের বিশেষ ক্যাবিনেট বৈঠকে বিষয়টিকে সম্মতি দেওয়া হয়েছে। অভিন্ন দেওয়ানি বিধি বিজেপির অন্যতম মতাদর্শগত ইস্যু। অমিত শাহ আগেই বলেছেন, বিজেপির সূচনালগ্ন থেকে দেশের প্রতিটি নাগরিকের জন্য অভিন্ন দেওয়ানি বিধি চালু করাটা দলের অঙ্গীকার। তিনি একথাও বলেছেন যে, ২০২৯-এর আগে দেশের বিজেপিশাসিত সব রাজ্যে অভিন্ন দেওয়ানি বিধি চালু হয়ে যাবে।

বাংলাদেশে অস্থিরতা গাড়িতে আগুন, বোমা

সমীর দে

ঢাকা, ১০ নভেম্বর

বাংলাদেশের বিভিন্ন স্থানে রাতারাতি অস্থিরতা দেখা দিয়েছে। বাড়ছে হিংসাত্মক ঘটনা। বাস, ট্রাক, পণ্যবাহী যান, এমনকী ট্রেনের বগিতে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। একই সময়ে বিভিন্ন এলাকায় ককটেল ও অবিস্ফোরিত বোমা উদ্ধারের খবর পাওয়া গেছে। ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিসেম্বরে দেশে ফেরা নিয়ে যখন রাজনৈতিক অঙ্গন উত্তপ্ত, ঠিক সেই সময়ে যানবাহনে আগুন দেওয়ার ঘটনায় নতুন করে আলোচনা শুরু হয়েছে। সব ঘটনায় আগুনামি লিগের হাত দেখছে সরকার। যদিও দল তা অস্বীকার করছে। দলের তরফ জানানো হয়েছে, এ ধরনের হিংসাত্মক ঘটনার সঙ্গে তাদের কোনও যোগ নেই।

মঙ্গলবার ফরিদপুরে বাসে আগুন দেওয়ার ঘটনায় ধোঁয়ায় অসুস্থ হয়ে চালকের মৃত্যু হয়েছে। রাজধানী ঢাকাতেও ককটেল বিস্ফোরণ ও যানবাহনে অগ্নিসংযোগের ঘটনা থামছে না। গত শুক্রবার থেকে শুরু হওয়া ধারাবাহিক নাশকতায় নগর জুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। দফায় দফায় ককটেল বিস্ফোরণের পাশাপাশি মঙ্গলবার রাজধানীতে ফার্মগেট ও মিরপুরে দুটি বাসে আগুন দেওয়া হয়েছে। বিধবিদ্যালয়, থানা, আদালত, রেলস্টেশন ও গুরুত্বপূর্ণ স্থাপনার আশপাশে এসব বিস্ফোরণের ঘটনায় সাধারণ মানুষের মধ্যে নিরাপত্তা নিয়ে উদ্বেগ বাড়ছে। শুধুমাত্র মঙ্গলবার একদিনেই সারা দেশে অন্তত ১০টি যানবাহন ও একটি ট্রেনে আগুন দেওয়ার খবর পাওয়া গেছে। এদিন রাজধানীর ফার্মগেট মেট্রো স্টেশনের নীচে লাভলি পরিবহণের একটি বাসে আগুন দেওয়া হয়। আগের দিন সোমবারও ফার্মগেটে একই কায়দায় একটি বাসে আগুন দেওয়া হয়েছিল। মিরপুর ১১ নম্বর এলাকায় বসুমতি পরিবহণের আরেকটি বাসেও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। ভাটারা ও নতুন বাজার এলাকায় একটি স্কুলবাসে আগুন দেওয়ার খবরও পাওয়া গেছে। সবমিলিয়ে গত ৫ দিনে সারাদেশে অন্তত ৩০টি পরিবহণে আগুন দেওয়া হয়েছে। সোমবার সাভার ও গাজীপুরে বিভিন্ন এলাকায় দাঁড়িয়ে থাকা অন্তত দুটি বাসে আগুন দেওয়া হয়েছে। গাজিপুরের কালিয়াকৈরের চন্দ্রা এলাকায় আজমেরি গ্রোরি পরিবহণের দুটি বাসে আগুন দেওয়া হয়। একই ঘটনায় একটি কাভার্ড ভ্যানও পুড়িয়ে দেওয়া হয়েছে বলে জানা গেছে।

লাদাখে ৮ স্বশাসিত পার্বত্য পরিষদের নির্বাচন ৪ ডিসেম্বর

আজকালের প্রতিবেদন

দিল্লি, ১০ নভেম্বর

কেন্দ্রশাসিত লাদাখের আটটি জেলায় স্বশাসিত পার্বত্য উন্নয়ন পরিষদের নির্বাচন ঘোষণা করল লাদাখের নির্বাচন কমিশন। আগামী ৪ ডিসেম্বর ভোটগ্রহণ হবে। ডিসেম্বরের ঠান্ডায় ভোট না করানোর দাবি উঠেছিল নির্বাচন ঘোষণা করার ক্ষুব্ধ বিভিন্ন সামাজিক সংগঠন। মঙ্গলবার লাদাখের উপরাজ্যপাল বিনয় সাক্সেনার অনুমতি ক্রমে কেন্দ্রশাসিত অঞ্চলের নির্বাচন কমিশন বিজ্ঞপ্তি জারি করে।

ভোট হবে লেহ, কারগিল, সাঙ্গু, চাংথাং, নুব্রা, শাম, জাসকর, দ্রাস জেলার মোট ১০০টি আসনে। এদিন থেকে আগামী ১৭ নভেম্বর পর্যন্ত চলবে মনোনয়নপত্র জমা। এর আগে লাদাখে লেহ ও কারগিল পার্বত্য পরিষদ ছিল। এবারে মোট আট জেলায় আটটি স্বশাসিত পরিষদ গঠিত হয়েছে। লাদাখকে ষষ্ঠ তফসিলের অন্তর্ভুক্ত করার ও পূর্ণ রাজ্যের দাবিতে লাদাখ জুড়ে আন্দোলন চলছে। তার মধ্যেই এই নির্বাচন ঘোষণায় অসন্তুষ্ট সেখানকার বিভিন্ন সংগঠন।

নির্বাচন ঘোষণার প্রতিবাদে লাদাখ বুদ্ধিষ্ট অ্যাসোসিয়েশন, লাদাখ পোঙ্কা অ্যাসোসিয়েশন এবং লাদাখ নাম্বারদার অ্যাসোসিয়েশন এদিন নির্বাচন বয়কটের বিষয়ে আলোচনার ডাক দিয়েছে।

ইরানে আক্রমণে ট্রাম্পকে চাপ বিবির

সংবাদ সংস্থা

ওয়াশিংটন, ১০ নভেম্বর

তেহরানে ফের হামলা চালানোর জন্য মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে চাপ দিচ্ছেন ইজরায়েল প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। প্রতিদিন ফোন করছেন। ইজরায়েল-আমেরিকা যৌথ ভাবে ফেব্রুয়ারি মাসে ইরানে হামলা চালিয়েছে। এখন ট্রাম্প যুদ্ধে ইতি টানার ভাবনাচিন্তা করছেন। কিন্তু ফের ইরান আক্রমণে মরিয়া নেতানিয়াহু। সেই খবর প্রতিদিনের তুলে ধরছে ফিনান্সিয়াল টাইমস। এদিকে মধ্যবর্তী নির্বাচনে ভরাডুবির পর মার্কিন প্রতিরক্ষা সচিব পিট হেগসেথকে ইমপিচ করার প্রস্তাব উত্থাপন রিপাবলিকান পার্টির অন্দরমহল থেকে।

ট্রাম্প-নেতানিয়াহুর আলোচনা সম্পর্কে ওয়াকিবহাল এক ব্যক্তিকে উদ্ধৃত করে প্রতিবেদনে বলা হয়েছে, 'নেতানিয়াহু প্রতিদিন ট্রাম্পকে ফোন করে যুদ্ধ শুরু করতে বলছেন। আর হোয়াইট হাউসের ভেতরে ও বাইরে যুদ্ধবিরোধীরা তা ঠেকানোর চেষ্টা করছেন।' রিপোর্টে আরও বলা হয়েছে, নেতানিয়াহু চাপ দিলেও আরবের নেতারা ট্রাম্পকে কৃটনীতির পথ ধরে যুদ্ধ থামানোর বার্তা দিচ্ছেন। ট্রাম্পের মুখেও ছোটখাটো হামলার কথা শোনা গেছে। পুরোদস্তর যুদ্ধ থেকে দূরত্ব রাখতে চাইছেন। এমনকী শিগগির যুদ্ধ বন্ধ হতে পারেসেই ইঙ্গিতও করেছেন ট্রাম্প।

ওদিকে আমেরিকার মধ্যবর্তী নির্বাচনেও ইরান যুদ্ধের ছাপ পরিষ্কার। ভোটের আগেই যুদ্ধ-বিরোধী আওয়াজ উঠেছিল আমেরিকার ভেতরে। কান দেননি ট্রাম্প। নির্বাচনে পরাজয়ের পর মার্কিন প্রতিরক্ষা সচিবকে ইমপিচ করার দাবি জোরালো হচ্ছে প্রশাসনের ভেতরে।

এনসিপি: সিদ্ধান্ত নেবেন শারদ-সুনেত্রা

সংবাদ সংস্থা

মুম্বই, ১০ নভেম্বর

এনসিপি ও এনসিপি (এসপি)-র পুনর্মিলন হচ্ছে? এনসিপির প্রফুল্ল প্যাটেল ও পার্থ পাওয়ার এনসিপি (এসপি) নেতা শারদ পাওয়ারের সঙ্গে দেখা করাতেই গুঞ্জন শুরু হয়েছে। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশের কাছে এ সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, 'শারদ পাওয়ার ও সুনেত্রা পাওয়ার উভয়ে দিল্লিতে রয়েছেন। তবে এনসিপির পুনর্মিলন হলে আমাদের জানাতে হবে।'

দীপাবলি উপলক্ষে মুম্বইয়ের সরকারি বাসভবন 'বর্ষা'য় সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন ফড়নবিশ। সেখানে এনসিপির পুনর্মিলন হচ্ছে কিনা জানতে চাইলে ফড়নবিশ বলেন, 'ওরা

মন্তব্য ফড়নবিশের

(শারদ পাওয়ার ও সুনেত্রা পাওয়ার) যদি একজোট হওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে ওরাই আমাদের বলবেন। কারণ, আমাদের ছাড়া পুনর্মিলন সম্ভব নয়। এখনও কেউ আমাদের কিছু বলেননি।'

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক ...भरोसे का प्रतीक ! | **punjab national bank** ...the name you can BANK upon ! | **ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

সার্কল অফিস, স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট (সিওএসএএম) পুরুলিয়া, গ্রাউন্ড ফ্লোর, রাধাকৃষ্ণ মোড়, শশধর গাঙ্গুলি রোড, রাজা বাঁধ পাড়া, পুরুলিয়া (পশ্চিমবঙ্গ)-৭২৩১০১। ই-মেল: cs8301@pnb.bank.in

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সাম্প্রতি ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর থেকে এই ব্যাঙ্ক/ সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাৎ পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে'** এবং **'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

সুরক্ষিত পরিসম্পদের তফসিল

লট নং	শাখার নাম অ্যাকাউন্টের নাম ঋণগ্রহীতা/ জামিনদার/ অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধকি স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং বন্ধকদার/ দায়বদ্ধকারক নাম [সম্পত্তি(গুলি)র দায়বদ্ধতা(গণ)]	ক) সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাবীন দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) নির্ধারিত তারিখে অনাদায়ী বকেয়া গ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(৪) ধারাবীন দখলের তারিখ ঘ) দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক/ গঠনমূলক)	ক) সংরক্ষণ মূল্য (লক্ষ টাকা) খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য	ই-নিলামের তারিখ ও সময়
১	**শাখা: সাঁওতালডিহ** ১. মেসার্স লক্ষ্মী অটো, প্রোপ্রাইটর: মিঃ রাকেশ পাণ্ডে, পিতা- প্রয়াত জগদম্বে পাণ্ডে, কার্যকি বাজার, পোঃঅঃ- বোগরা, থানা- সাঁওতাডিহ, জেলা- পুরুলিয়া, পশ্চিমবঙ্গ-৭২৩১৪৩ ২. মিঃ রাকেশ পাণ্ডে, পিতা- প্রাগুদেব পাণ্ডে, কার্যকি বাজার, পোঃঅঃ- বোগরা, থানা- সাঁওতাডিহ, জেলা- পুরুলিয়া, পশ্চিমবঙ্গ-৭২৩১৪৫ ৩. মিসেস লক্ষ্মীবালা দেবী (জামিনদার), স্বামী- প্রয়াত ভোলানাথ পাণ্ডে, কার্যকি বাজার, পোঃঅঃ- বোগরা, থানা- সাঁওতাডিহ, জেলা- পুরুলিয়া, পশ্চিমবঙ্গ-৭২৩১৪৫	১৯৮৫ সালের রেজিস্ট্রার্ড দলিল নং ৫৭৭২ অনুযায়ী নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিষ্কার্য সম্পত্তি পরিমাণ মাত্র ছিত্তি ও বিবরণ: জে এল নং ৯৫, মৌজা- আর এল খতিয়ান নং ৪৯২, আর এল খতিয়ান নং ৪৯২, আর এল প্লট নং ১৩৬৪, জমির পরিমাণ ৮.০৩ ডেসিমেল, রাণ্ডাস্থিত ৫৫.০০ ডেসিমেলের মধ্যে), মৌজা- কাশকি, পোঃঅঃ- বোগরা, থানা- সাঁওতালডিহ, সম্পত্তির স্বত্বধারক: মিসেস লক্ষ্মীবালা দেবী, স্বামী- প্রয়াত ভোলানাথ পাণ্ডে, মেসার্স লক্ষ্মী অটোর অ্যাকাউন্টের প্রোপ্রিটর।	ক) ৩৫,০২,২০২২ খ) ₹২৯,৩৫,০৩৬.৩০ (৩১.০৭.২০২১ অনুযায়ী, তদুপরি পরবর্তীতে উদ্ভূত সুদ ও চার্জ গ) ২৯.০৭.২০২২ ঘ) প্রতীকী দখল	ক) ₹৩৪.৭৮ লক্ষ খ) ₹৩.৪৮ লক্ষ গ) ০.১০ লক্ষ	২৬.১১.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে
২	**শাখা: কোতুলপুর** ১. মিঃ গণেশ রুইদাস, পিতা- বনি পদ রুইদাস, গ্রাম- জামশোলা, পোঃঅঃ- গালিয়া, থানা- জয়পুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ-৭২২১৪৪ ২. মিসেস মঞ্জু রুইদাস, স্বামী- গণেশ রুইদাস, গ্রাম- জামশোলা, পোঃঅঃ- গালিয়া, থানা- জয়পুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ-৭২২১৪৪ ৩. মিঃ রবি পদ রুইদাস, গ্রাম- জামশোলা, পোঃঅঃ- গালিয়া, থানা- জয়পুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ-৭২২১৪৫ ৪. মিঃ কার্তিক রুইদাস, গ্রাম- জামশোলা, পোঃঅঃ- গালিয়া, থানা- জয়পুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ-৭২২১৪৪	নিম্নোক্ত ০.০৫০ একর পরিমাপের জমি এবং এর ওপর অবস্থিত ভবনের অপরিষ্কার্য সম্পত্তি পরিমাণের সমবন্ধক মাত্র ছিত্তি ও বিবরণ: জে এল নং ২০৯, এল আর খতিয়ান নং ২৩৭৩, দাগ নং ১৫২১, মৌজা- অছিরামপুর, পোঃঅঃ- গালিয়া, থানা- জয়পুর, জেলা- বাঁকুড়া। ২০১৪ সালের দান দলিল নং ২৬৮৮ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: মিঃ গণেশ রুইদাস, পিতা- রবিপদ রুইদাস।	ক) ১৩.০১.২০২৫ খ) ₹৫,৩৭,৮২২.৯০ এবং ২৯.১২.২০২৪ অনুযায়ী, তদুপরি পরবর্তী সুদ এবং মাশুল গ) ২৬.০৩.২০২৫ ঘ) প্রতীকী দখল	ক) ₹৩৭.১৯ লক্ষ খ) ₹৩.৭২ লক্ষ গ) ₹০.১০ লক্ষ	২৬.১১.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে
৩	**শাখা: কমলাপাট** ১. শেখ ইকবাল হোসেন, পিতা- শেখ নওশাদ আলি, গ্রাম- মাহাদানার, পোঃঅঃ- পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ-৭২১১৩৩ ২. মিসেস জোসনিয়া ইয়াসমিন (জামিনদার), স্বামী- শেখ তাহেরা আলি, দুর্গাপুর বাইপাস রোড, লালবাজার, পোঃঅঃ ও থানা- বাঁকুড়া, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ-৭২২১০১	সামান্য কমবেশি ৩.০২ একর মাপের বাস্তু জমি এবং এর উপরিস্থিত বাড়ির অপরিষ্কার্য সম্পত্তি পরিমাণের সমবন্ধক মাত্র ছিত্তি ও বিবরণ: জে এল নং ১৩২, এল আর খতিয়ান নং ৫১১, এল আর খতিয়ান নং ৫০৪ ও ৫০৫, মৌজা- জামতাড়া, নিষ্কিঞ্চুপুর পঞ্চায়েতের অধীনে, থানা- ওন্দা, জেলা- বাঁকুড়া (পশ্চিমবঙ্গ)। এডিএসআর ওন্দা সমীলে ডলিউজি নং ০৩৬৮-২০২৭, পৃষ্ঠা নং ১৭৯৩ থেকে ১৭২১৩-তে নথিভুক্ত ২৮.০৬.২০২৭ তারিখের দলিল নং I-০৩১৬৩১৩৪৯/২০১৭ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: মিঃ প্রবব রায়, পিতা- প্রয়াত তুলসীদাস রায় এবং মিসেস সুষমা রায়, স্বামী- প্রয়াত উমাশঙ্কর রায়। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- বারিন বরণ রায়ের সম্পত্তি; দক্ষিণ- সীমানা প্রাচীর-সহ সত্তাকিঙ্কর রায়ের ভাঁকা জমি; পূর্ব- বারিন বরণ রায়ের সম্পত্তি; পশ্চিম- ১২ ফুট চওড়া পিসিসি রাস্তা।	ক) ০১.০৩.২০২৫ খ) ₹২৫,৯০,৩৬৬.০০ ২৮.০২.২০২৫ অনুযায়ী, তদুপরি পরবর্তী সুদ এবং মাশুল গ) ১৩.০৮.২০২৫ ঘ) প্রতীকী দখল	ক) ₹১৫.৫০ লক্ষ খ) ₹১.৫৫ লক্ষ গ) ₹০.১০ লক্ষ	২৬.১১.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে

সুরক্ষিত ঋণদাতার জানা দায় সম্পর্কিত তথ্য: **ব্যাঙ্কের জানা নেই**

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:

১. সম্পত্তিগুলি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. এই বিক্রি লট নং ১ থেকে ৪-এর ক্ষেত্রে ২৬.১১.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে **https://baankNet.com** ওয়েবসাইটে দেওয়া ই-নিলাম প্রাটফর্মে নিরাক্ষণকারী দ্বারা আয়োজিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baankNet.com** এবং **www.pnbindia.in** ওয়েবসাইটগুলি দেখুন।

তারিখ: ১১.১১.২০২৬
স্থান: পুরুলিয়া

অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা

সারফায়েসি অ্যাক্ট–এর রুল ৮(৬) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

যুনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া | Union Bank of India

ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আঞ্চলিক কার্যালয়, মোটর কলকাতা: ৩, মিডলটন রোড, কলকাতা-৭০০০৭১

ইজারার ভিত্তিতে প্রেমিসেস আবশ্যক

"ব্যাঙ্কের একটি সুনির্মিত বাণিজ্যিক আরসিসি প্রেমিসেস প্রয়োজন, যার কার্পেট এরিয়া ১২০০ বর্গফুট (± ১০%) কমবেশি হতে পারে), যা এককই ব্যবহারযোগ্য বা নির্মীয়মান (২ মাসের মধ্যে সম্পন্ন হতে হবে) অবস্থায় রয়েছে এবং এটি **পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার কৈখালিতে** অবস্থিকার ভিত্তিতে ভিত্তাধিপি রোডে, চলনের গ্রাডিড রোডে যাবতীয় সুযোগ-সুবিধা ও পার্কিং স্পেস-সহ গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত হওয়া বাঞ্ছনীয়। বাড়ির মালিককে বিষাইএস স্পেসিফিকেশন অনুযায়ী 'বি' শ্রেণির ষ্ট্রং রুম নির্মাণ করতে হবে এবং ব্যাঙ্কের মান নিয়ন্ত্রণ কমপক্ষে ২৫ কিলোভাট বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। আরও বিশদ বিবরণের জন্য, অনুগ্রহপূর্বক ব্যাঙ্কের ওয়েবসাইট **www.unionbankofindia.com** / ই-প্রোকিওরমেন্ট পোর্টাল **www.eprocure.gov.in** দেখুন। নির্ধারিত ফরম্যাটে দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৬.১১.২০২৬, দুপুর ৩টে পর্যন্ত। কোনও কারণ না দর্শিয়ে যে কোনও বা সমস্ত দরপত্র গ্রহণ/বাতিল করার অধিকার ব্যাঙ্কের রয়েছে।"

আঞ্চলিক প্রধান

দ্রষ্টব্য: প্রযুক্তিগত কারণে প্রকাশনা এবং টেন্ডার আপলোডের তারিখ পরিবর্তন হতে পারে। তবে, টেন্ডার খোলার তারিখগুলি টেন্ডার আপলোডের পরে অনুমোদিত তারিখ অনুযায়ী হবে।

দাবি বিজ্ঞপ্তি

যেহেতু অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড (নিম্নলিখিত ট্রাস্টিভুক্ত ট্রাস্টি হিসেবে ক্ষমতাবলে ক্রিয়ারত) (এখানে এর পরে 'এআরসিআইএল' হিসেবে উল্লিখিত) হল কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬-এর অধীনে গঠিত ও সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে 'সারফায়েসি অ্যাক্ট') হিসেবে উল্লিখিত) অনুসারে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কে নিবন্ধীকৃত একটি অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি; এবং যেহেতু এখানে নীচে প্রদর্শিত তালিকার ২ নং কলামে উল্লিখিত ঋণগ্রহীতাগণ/ সহ-ঋণগ্রহীতাগণ প্রকৃত ঋণদাতাদের কাছে ঋণের সুবিধা গ্রহণ করেছিলেন এবং যেহেতু এআরসিআইএল এখানে নীচের তালিকায় উল্লিখিত লোন অ্যাকাউন্টগুলির ক্ষেত্রিতে সম্পর্কিত আর্থিক পরিসম্পদগুলি অধিগ্রহণ করেছে; এবং যেহেতু উক্ত আইনের অধীনে সুরক্ষিত ঋণদাতা রূপে এআরসিআইএল সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ২-সহ পঠনীয় উক্ত আইনের ১৩(২) ধারাবীনে প্রাপ্ত ক্ষমতাবলে এখানে নীচের টেবিলে উল্লিখিত ঋণগ্রহীতাগণ/ সহ-ঋণগ্রহীতাগণ-এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিল যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত অর্থের অপ্রযুক্ত সুদ সহ সমস্ত অর্থ তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল, কিন্তু বিভিন্ন কারণে তাঁদের কয়েকজনের প্রতি ওই বিজ্ঞপ্তি(গুলি) পরিবর্তিত করা সম্ভব হয়নি।

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নং/ প্রকৃত ঋণদাতার নাম/ দাবি বিজ্ঞপ্তির তারিখ/ ট্রাস্টের নাম	ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতার নাম	দাবি বিজ্ঞপ্তির তারিখে মোট অনাদায়ী অর্থাঙ্ক (₹)
১)	এলএএন: ১৯৪০০০০৪৩৪৩১ প্রকৃত ঋণদাতা: পিরামল ক্যাপিটাল অ্যান্ড হাউজিং ফিনান্স লিমিটেড দাবি বিজ্ঞপ্তির তারিখ: ১৪.১০.২০২৬ ট্রাস্টের নাম: এআরসিআইএল-ট্রাস্ট-২০২৫-০০৮	নির্মল চন্দ্র মজুমদার / স্বপ্না মজুমদার / পিরামল মজুমদার	₹৩৯,১৪,৮৭৯.৯৪ ১৫ অক্টোবর, ২০২৬ অনুযায়ী

সম্পত্তির বিবরণ: সামান্য কমবেশি ৪ কাঠা জমি, যার ছিত্তি ও বিবরণ: এলএপি নং ৪০২, আর এল প্লট নং ৬৩২ (অংশ), মৌজা- কাটাগঞ্জ, জে এল নং ৭৯, বর্তমানে মিউনিসিপাল হোল্ডিং নং ৩৯৪/৩৫১ এবং প্রেমিসেস নং ১/৪০৯/এ, কাটাগঞ্জ নামে পরিচিত ও চিহ্নিত, কল্যাণপুর পুরসভার ১১ নং পুর ওয়ার্ডের অন্তর্গত, থানা এবং এসআরও- কল্যাণী, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ উক্ত জমির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- এলএপি নং ৪০৮; দক্ষিণ- রাস্তা; পূর্ব- এলএপি নং ৪১৩; পশ্চিম- এলএপি নং ৪০৬।

২)	এলএএন: ১০৭০০০০০৫০৬১ প্রকৃত ঋণদাতা: পিরামল ক্যাপিটাল অ্যান্ড হাউজিং ফিনান্স লিমিটেড দাবি বিজ্ঞপ্তির তারিখ: ১৬.১০.২০২৬ ট্রাস্টের নাম: এআরসিআইএল-ট্রাস্ট-২০২৫-০০৮	অভিজিৎ বসু / রত্না বসু	₹২৮,৩০,১৪৩.১৮ ১৬ অক্টোবর, ২০২৬ অনুযায়ী

সম্পত্তির বিবরণ: 'আকৃতি এনক্লেভ, ফেজ-১' নামে পরিচিত বহুতল ভবনের ৪ নং ফ্লোরে সামান্য কমবেশি ৮৬০ বর্গফুট সুপার কিত্তি আপ এরিয়া বিশিষ্ট অ্যাপার্টমেন্ট নং এবি সংবলিত ইউনিটের অপরিষ্কার্য সমগ্র পরিমাণ মাত্র নিম্নস্থিত জমির স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ১৮৩৫, আর এল প্লট নং ১৬৯৩, মৌজা- কাশীগঞ্জ, জে এল নং ১১০, এল আর খতিয়ান নং ১৪১৫, মহকুমা- দুর্গাপুর, থানা- নিউ টাউনশিপ, আরএ- সিটি সেন্টার, জেলা- বর্ধমান, জেমুয়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত, তৎসহ বিভিন্নরের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ, প্রেমিসেসের যৌথ এলাকা, সাধারণ সুযোগ-সুবিধা ভোগাধিকারের সমানাধিকার। উক্ত ইউনিটটির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- দলিল অনুযায়ী; দক্ষিণ- দলিল অনুযায়ী; পূর্ব- দলিল অনুযায